

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ৪র্থ প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. নাহিদ রশীদ, মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।  
সভার তারিখ : ০৫/০৬/২০২২  
সময়: : বেলা ১০:০০ টায়  
সভার স্থান: : বোর্ডের সভা কক্ষ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় বোর্ডের কার্যক্রম উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০১।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড-এর নৈতিকতা কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রয়েছে বলে সভায় জানানো হয়।	নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত ১০০% বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
০২।	সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম প্রান্তিকের সভা ২৯/০৯/২০২১ তারিখ, ২য় প্রান্তিকের সভা ২৭/১২/২০২১ এবং ৩য় প্রান্তিকের সভা ২৩/০৩/২০২২ তারিখ অনুষ্ঠিত হয়েছে।	যথাসময়ে সভা আয়োজন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
০৩।	সভায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	২৫ মে, ২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে।	পরিচালক (প্রশাসন)
০৪।	উপপরিচালক (প্রশাসন) সভায় জানান যে, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম প্রান্তিকের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ২৫/১১/২০২১ তারিখ, ২য় প্রান্তিকের প্রশিক্ষণ ২৯/১২/২০২১ তারিখ, ৩য় প্রান্তিকের প্রশিক্ষণ ১৪/০৩/২০২২ তারিখ এবং ৪র্থ প্রান্তিকের প্রশিক্ষণ ২৬/০৫/২০২২ আয়োজন করা হয়।	যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
০৫।	বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বিভাগীয় কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সভায় সংশ্লিষ্ট অর্থবছরে ১ম প্রান্তিকের সভা ২৯/০৯/২০২১ তারিখ ২য় প্রান্তিকের সভা ২৭/১২/২০২১ তারিখ এবং ৩য় প্রান্তিকের সভা ২৩/০৩/২০২২ তারিখ এবং ৪র্থ প্রান্তিকের সভা ০৫/০৬/২০২২ তারিখ আয়োজিত হয়।	যথাসময়ে ফিডব্যাক প্রদান সভার আয়োজন করতে হবে।	উপপরিচালক (প্রশাসন)
০৬।	সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ বিষয়ে আলোচনা হয়।	প্রতিটি প্রান্তিকের পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।	প্রোগ্রামার

০৭।	পরিচালক (প্রশাসন) কর্মপরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) বিষয়ে সভায় বিশদ আলোচনা করেন।	উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করতে সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
-----	--	---	--------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(ড.নাহিদ রশীদ)

মহাপরিচালক (সচিব)


বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

নথি নং ০৫.৮১.০০০০.০০৭.৩৭.০১১.২২ - ৪৩৮

তারিখ: ১৫/০৬/২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

- ০১। যুগ্ম সচিব, শৃঙ্খলা-১ ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, শৃঙ্খলা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০২। পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৪। উপপরিচালক (প্রশাসন)/উপপরিচালক (উন্নয়ন)/উপপরিচালক (অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সহকারী পরিচালক (প্রশাসন)/ (কর্মসূচি)/ (চিকিৎসা)/(কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা, [মহাপরিচালক (সচিব) মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা (কল্যাণ তহবিল)/ (বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৯। অফিস কপি/ওয়েবসাইট



(এ কে এম ফজলুজ্জোহা)

পরিচালক (প্রশাসন)